

ক্যান্টিনে খাবারের টাকা না দেওয়াকে কেন্দ্র করে ঢাকা কলেজে ছাত্রলীগের দুই গ্রন্থপের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। গতকাল শনিবার রাত সাড়ে ৯টা থেকে ১১টা পর্যন্ত কলেজের সাউথ ব্লক ও নর্থ ব্লকের মধ্যে এ সংঘর্ষ চলে। এতে সাংবাদিকসহ অন্তত ১০ জন আহত হয়েছেন।

জানা যায়, গত বৃহস্পতিবার কলেজের প্রধান ক্যান্টিনে খাবার খেয়ে টাকা না দেওয়া এবং টাকা চাইলে ক্যান্টিনের মালিককে মারধর করেন নর্থ ব্লকের শহরিয়ার হাসান জিওন।

বিজ্ঞাপন

এ সময় সাউথ ব্লকের ছাত্রলীগের কর্মীরা এসে জিওনকে মেরে ক্যান্টিন মালিককে ছাড়িয়ে নেন। এ থেকেই ঘটনার সূত্রপাত।

এরই জেরে গতকাল রাত ৯টায় সাউথ ব্লকের ছাত্রলীগের কর্মী আল আমিনকে মারধর করেন নর্থ ব্লকের ছাত্রলীগকর্মীরা। এতে সাউথ ব্লকের নেতাকর্মীরা ঘটনাস্থলে এলে পরিস্থিতি উত্পন্ন হয়। পরে দুই ব্লকের নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষ বাধে। এ সময় দুই গ্রন্থপের নেতাকর্মীদের মধ্যে গোলাগুলি এবং ককটেল নিষ্কেপের ঘটনা ঘটে।

ঢাকা কলেজের প্রিলিপাল অধ্যাপক মো. ইউসুফ বলেন, ‘কলেজে রাতে দুই ব্লকের মধ্যে ঝামেলা হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।